দৈনিক ইত্তেফাক

067

তারিখ 04 AUG 1987
পৃষ্ঠা 3 কলাম 1

# সকলের জন্য শিক্ষা সম্মেলন

আপনি কি বাংলাদেশে '২000 সাল নাগাদ সকলের জন্য শিক্ষা' কর্মসূচী বাস্তবায়নে অংশীদার হতে ইচ্ছুক ? সরকারের এ কর্মসূচীতে সহায়তা স্বরূপ অক্টোবর, ১৯৮৭ থেকে বাংলাদেশ সাক্ষরতা সমিতির সকল কর্ম-এলাকাসহ পর্যায়ক্রমে দেশের প্রত্যেক জেলা ও উপজেলার নিকটবর্তী এক একটি গ্রামকে আদর্শ গ্রামে রূপান্তরিত করার লক্ষ্যে সমিতি একশন-রিসার্চের মাধ্যমে এই কর্মসূচীর বাস্তবতা পরীক্ষা করবে। এজন্য সমিতি প্রত্যেক জেলা ও উপজেলা পর্যায়ে 'সকলের জন্য শিক্ষা কমিটি' নিয়োগ করবে। এতে প্রত্যেক জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত আগ্রহী স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের সভাপতি ও সম্পাদক, স্কুল, কলেজ, ও মাদ্রাসা শিক্ষকদের প্রাধান্য দেয়া হবে। যে সব জেলা ও উপজেলায় সাক্ষরতা সমিতির সাংগঠনিক কমিটি কাজ করছে তারা 'সকলের জন্য শিক্ষা কমিটি'র দায়িত্বও পালন করবে। নির্দিষ্ট সময়ে নির্ধারিত কার্য সম্পাদনের জন্য কমিটিকে উপযুক্ত সম্মানী প্রদান করা হবে। আগামী সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে সমিতির '২000 সাল নাগাদ সকলের জন্য শিক্ষা' শীর্ষক ঢাকায় দুই দিনের জাতীয় মহাসম্মেলন, প্রশিক্ষণ ও কর্মশিবির অনুষ্ঠানে নির্বাচিত প্রার্থীগণ যোগদান করে প্রয়োজনীয় জ্ঞানার্জন ও প্রশিক্ষণ গ্রহণ করবেন। আগামী ২০শে আগষ্টের মধ্যে প্রার্থীগণকে নিজ নিজ এলাকায় নিরক্ষরতা দূরীকরণ ও সমাজ উন্নয়নে অভিজ্ঞতা দিয়ে পূর্ণ জীবন বৃত্তান্ত এবং দুই কপি সাম্প্রতিক পাসপোর্ট সাইজ ফটোসহ নিম্নঠিকানায় পাঠাতে হবে। উপরোক্ত দুই-দিনব্যাপী মহাসম্মেলন, প্রশিক্ষণ ও কর্মশিবিরে যোগদানে আগ্রহী প্রার্থীদের রেজিষ্ট্রেশন ফিস স্বরূপ 'বাংলাদেশ সাক্ষরতা সমিতি'র অনুকূলে একশত টাকার পে-অর্ডার দরখাস্তের সঙ্গে পাঠাতে হবে। সম্মেলনে উপস্থিত প্রার্থীবর্গের সমন্বয়ে পর্যায়ক্রমিক 'সকলের জন্য শিক্ষা কমিটি' গঠন করা হবে। প্রার্থীদের ঠিকানায় পুরাতন জেলার নাম উল্লেখ করতে হবে।

অধ্যাপক মোঃ ওসমান গনি,
মহাসচিব,
বাংলাদেশ সাক্ষরতা সমিতি
৫৭/১ পূর্ব-রাজাবাজার, ঢাকা-১৫।

সিডি—১০৯৪